দৈনিক ইত্তেফাক


তারিখ 13 JAN 2008

# ভারতে উচ্চ শিক্ষা

অপূর্ব দাস অপু

সার্কভুক্ত দেশ ভারত। দেশটি এশিয়ার তথা পৃথিবীর উন্নয়নশীল দেশগুলোর মধ্যে অন্যতম। উচ্চ শিক্ষার জন্য আমাদের দেশের শিক্ষার্থীরা ইংল্যান্ড, আমেরিকা, অস্ট্রেলিয়া, কানাডার মত ভারতেও যাচ্ছে খুব বেশি। থাকা-খাওয়া, জীবনযাত্রার ব্যায় ও টিউশন ফিও সামর্থ্যের মধ্যে হওয়ায় বাংলাদেশের শিক্ষার্থীরা নির্দ্বিধায় বেছে নিচ্ছে ভারতকে। তদুপরি ভিসা পাওয়াও অনেক সহজ।

ভারতে ২১৪টি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে ১১৬ টি সাধারন বিশ্ববিদ্যালয়, ১২ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ৩৩ টি কৃষি বিশ্ববিদ্যালয়, ১১ টি মেডিকেল বিশ্ববিদ্যালয়, ৭ টি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ৫টি মহিলা বিশ্ববিদ্যালয়, ১১ টি ভাষা বিশ্ববিদ্যালয়। এছাড়াও রয়েছে ৯৭০৩টি কলেজ। এদের মধ্যে ৮০% কলেজে আন্ডারগ্রাজুয়েট এবং ৫০% কলেজে পোষ্টগ্রাজুয়েট শিক্ষা দেওয়া হয়। উচ্চ শিক্ষার ক্ষেত্রে গ্রাজুয়েশন কোর্স তিন বছর মেয়াদের এবং পোষ্টগ্রাজুয়েট দুই বছর মেয়াদের। তবে প্রফেশনাল এবং প্রকৌশল ও মেডিসিন ফ্যাকাল্টিতে গ্রাজুয়েশন চার বছর মেয়াদের। গ্রাজুয়েটদের জন্য এক বছর মেয়াদের পোষ্টগ্রাজুয়েট ডিপ্লোমা কোর্সও রয়েছে। আইন বিষয়ে তিন বা পাঁচ বছরের কোর্স চালু রয়েছে। ব্যাচেলর অব ইঞ্জিনিয়ারিং কোর্সের মেয়াদ পাঁচ বছর। এছাড়াও রয়েছে তিন বছর মেয়াদের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা এবং হোটেল ম্যানেজমেন্ট কোর্স। ভারতে পড়ালেখার ভাষা বিদেশী শিক্ষার্থীদের ক্ষেত্রে ইংরেজি। এজন্য শিক্ষার্থীদের আন্ডারগ্রাজুয়েট ও পোষ্টগ্রাজুয়েট কোর্স শুরুর পূর্বে তিন থেকে ছয় মাসের ইংরেজি প্রি-একাডেমিক কোর্স করে নিতে হবে। যারা ইংরেজি মাধ্যমের স্টুডেন্ট অথবা যাদের আইইএলটিএস বা টোফেল করা আছে তাদের ইংরেজির কোর্স করতে হবে না। উল্লেখ্য কলকাতাতে বাংলা মাধ্যমেও পড়ালেখা করা যায়।



### ভর্তির সেশন

ভারতে বছরে তিন সেমিস্টারে পড়ালেখা করানো হয়। সেমিস্টার এক - ১৬ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর, সেমিস্টার দুই - ১৬ অক্টোবর থেকে ২৩ শে ডিসেম্বর এবং সেমিস্টার তিন - ৮ জানুয়ারী থেকে ২৪ শে মার্চ পর্যন্ত।

### ভর্তির বিষয়

ইংলিশ, হিস্ট্রি, ফিলোসফি, সোশাল সায়েন্স, পলিটিক্যাল সায়েন্স, সোসিওলজি, ল, ইকোনোমিক্স, এডুকেশন, ফিজিকাল এডুকেশন, জিওগ্রাফি, সিভিল ল, সোশাল ওয়ার্ক, লিটারেচার, মিউজিক, লাইব্রেরি সায়েন্স, ওরিয়েন্টাল লার্নিং, ট্যুরিজম মেনেজমেন্ট, হোটেল মেনেজমেন্ট, ফাইন আর্টস, ড্রয়িং এন্ড পেইন্টিং, স্কাল্পচার, পাবলিক এডমিনিস্ট্রেশন, বিজনেস অ্যাডমিনেসট্রেশন, ম্যানেজমেন্ট, বিজনেস ম্যানেজমেন্ট, একাউনটেন্সি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, এপ্লাইড ফিজিক্স, কেমিস্ট্রি, এপ্লাইড কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, বায়োলজি, মাইক্রোবায়োলজি, ফুড এন্ড নিউট্রিশন, ফার্মেসি, মেডিসিন এন্ড সার্জারি, আয়ুর্বেদিক মেডিসিন, হোমিওপ্যাথিক মেডিসিন, আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি, ডেন্ট্রিস্টি, ডেন্টাল সার্জারি, আয়ুর্বেদ ইন ফার্মেসি, ভেটেনারি সায়েন্স, ভেটেনারি সায়েন্স এন্ড এনিমেল হাজবেন্ডারি, ফিসারিজ, হাইজিন, নার্সিং, সায়েন্স ইন সেরিকালচার, ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ক্লোথিং এন্ড টেক্সটাইল, সিরামিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কেমিকাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেক্চার, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার এপ্লিকেশন, টেলিকমিউনিকেশন, সেনিটারি সায়েন্স, হাউজিং এন্ড ইন্টেরিয়র ডিজাইন, ডিজাইন ক্রাফট, ফ্লিম এন্ড মিডিয়া, জার্নালিজম, ফটোগ্রাফি প্রভৃতি বিষয়সমূহ পড়া যায়।

### টিউশন ফি

বিদেশি শিক্ষার্থীদের এককালীন রেজিস্ট্রেশন ফি আন্ডারগ্রাজুয়েটের জন্য ১৫০ ইউ এস ডলার এবং পোস্টগ্রাজুয়েটের জন্য ২০০ ইউএস ডলার দিতে হয়। এছাড়াও কোর্স লিডিং রিসার্সের জন্য ২৫০ ইউএস ডলার রেজিস্ট্রেশন ফি দিতে হয়। প্রত্যেক বছরের এডমিশন ফি ৫০ ইউএস ডলার। টিউশন ফি শিক্ষাপ্রতিষ্ঠান ভেদে বছরে ১৫০০-২০০০ ইউএস ডলার পর্যন্ত হতে পারে।

### থাকা-খাওয়ার খরচ

বিদেশী শিক্ষার্থীদের জন্য ক্যাম্পাসে হোস্টেল রয়েছে। তবে কেউ ইচ্ছা করলে ভাড়া বাড়িতে বা পেয়িং গেস্ট হিসাবেও থাকতে পারবে। থাকা খাওয়া ও অন্যান্য ব্যায়সহ একজন শিক্ষার্থীর মাসে ১৫০-২০০ ইউএস ডলারের বেশী লাগে না। মেডিক্যাল ইনসুরেন্স কভারের জন্য সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান সহযোগিতা করে থাকে।

### ভর্তির জন্য আবেদন

ভর্তির জন্য শিক্ষার্থীকে পছন্দের শিক্ষাপ্রতিষ্ঠানের রেজিস্ট্রার বরাবর এপ্লিকেশন ফরমের জন্য আবেদন অথবা ই-মেইল করলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীর ঠিকানায় প্রসপেক্টাসসহ এপ্লিকেশন ফরম পাঠিয়ে দিবে। এরপর শিক্ষার্থীকে এপ্লিকেশন ফরম সঠিকভাবে পূরন করে শিক্ষাগত যোগ্যতার সকল মার্কশিট, সার্টিফিকেট ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রের সত্যায়িত (পররাষ্ট্র মন্ত্রণালয় অথবা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ) ফটোকপি শিক্ষাপ্রতিষ্ঠানের ঠিকানায় ডাকযোগে অথবা কুরিয়ার করে পাঠাতে হবে। এরপর দুই থেকে তিন সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এডমিশন কনফার্মেশন লেটার চলে আসবে। এডমিশন কনফার্মেশন লেটারের সাথে ফাইনেন্সিয়াল ইনভয়েস আসবে। ইনভয়েস অনুযায়ী এক বা দুই মাসের টিউশন ফি ব্যাংক ড্রাফট করতে হয়। শিক্ষার্থীর যেকোন ব্যাংকে একটি স্টুডেন্ট ফাইল খুলতে হবে যেখানে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন লাগবে। ব্যাংক ড্রাফটটি সম্পন্ন হলে সমস্ত কাগজপত্র নিয়ে ভারতীয় হাই কমিশনে ভিসার জন্য আবেদন করলে দুই সপ্তাহের মধ্যে ভিসা দেওয়া হয়। ভিসা ফি ৬ মাস থেকে এক বছরের জন্য ৯৪ ইউএস ডলার এবং পাঁচ বছরের জন্য ১০৮ ইউএস ডলার। ভিসার জন্য নিম্ন লিখিত ঠিকানায় আবেদন করতে হবেঃ

ভারতীয় ভিসা এপ্লিকেশন সেন্টার

বাড়ী # ১২, রোড # ১৩৭, গুলশান-১, ঢাকা-১২১২।

মোবাইল- ০১৮১৯২৬২১৮৯। E-mail: dmsys@sbibd.com

**নিম্নে ভারতের কয়েকটি উল্লেখযোগ্য বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা দেওয়া হল:**

1. Jawaharlal Neheru University- www.jnu.ac.in
2. Panjab University- www.chuo-u.ac, www.puchd.ac.in
3. Jadavpur University- www.shudo-u.ac, www.jadavpur.edu
4. Mumbai University- www.yonsei.ac, www.mu.ac.in
5. Delhi University- www.du.ac.in
6. Pune University- www.kyunghee.edu, ww.unipune.ernet.in
7. Calcutta University- www.chukyo-u.ac, www.caluniv.ac.in
8. Banaras Hindu University- www.asia-u.ac, www.bhu.ac.in
9. Indira Gandi National Open University- www.dongseo.ac.kr, www.ignou.ac.in
10. Andhra University- www.chime-u.ac, www.andrauniversity.info